গাংনীতে কৃষক লীগ নেতা লিখন গ্রেপ্তার

মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক সাবেক ভিপি ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেপ্তার করেছে পুলিশ।
আজ ১৩ই এপ্রিল রবিবার সন্ধ্যায় গাংনী উপজেলার চিৎলা গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ওয়াসিম সাজ্জাদ লিখন গাংনী উপজেলার চিতলা গ্রামের সাবেক চেয়ারম্যান প্রয়াত গোলাম সরওয়ারের ছেলে। ওয়াসিম সাজ্জাদ লিখন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও জিএস।
গাংনী থানা সুত্রে জানা গেছে, আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের চলমান বিশেষ অভিযানের অংশ হিসেবে গাংনী থানা পুলিশের একটি দল চিতলা গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী থানায় নেওয়া হয়।
বিষয়টি নিশ্চিত করে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানি ইসরাইল জানান, ওয়াসিম সাজ্জাদ লিখনকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এলাকার স্বাভাবিক পরিস্থিতি অস্বাভাবিক করার লক্ষ্যে তার সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। একটি মামলার আসামি হিসেবে তাকে গ্রেফতার করা হয়েছে। সোমবার তাকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

গাংনীর কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হলেন হাসানুজ্জামান ডাবলু

মেহেরপুর সরকারি কলেজের সহকারী অধ্যাপক ও ইংরেজি বিভাগের প্রধান হাসানুজ্জামান ডাবলু গাংনী উপজেলার কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন।

একজন শিক্ষিত, অভিজ্ঞ এবং সুনামধন্য শিক্ষক হিসেবে

শিক্ষাক্ষেত্রে তার অবদানের স্বীকৃতিস্বরূপ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর ছয় মাসের জন্য তাকে এডহক কমিটির সভাপতি হিসেবে অনুমোদন দিয়েছে।

এডহক কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সাধারণ শিক্ষক প্রতিনিধি মাজহারুল ইসলাম, অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান এবং কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হাফিজুর রহমান।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোরের কলেজ পরিদর্শক প্রফেসর এস এম তৌহিদুজ্জামানের স্বাক্ষরিত অফিস আদেশে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

নতুন সভাপতির দায়িত্ব গ্রহণ উপলক্ষে এক অনাড়ম্বর অনুষ্ঠানে প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন, আক্তারুজ্জামান লাভলু, রেজাউর রহমান, ফিরোজা খাতুন, আজিজুল হক, জুহিন কামাজ, জয়নাল আবেদীন, শামীম রেজা, এখলাছুর রহমান, ববিতা রাণী সরকার, পল্লবী সাহা, নুরুন্নাহার, আশিকুল ইসলাম, নাজমুল হকসহ সব শিক্ষক-কর্মচারী উপস্থিত ছিলেন।

সিনিয়র শিক্ষক আমজাদ হোসেন জানান, “নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু আমার সহকর্মী এবং আমাদের প্রিয় শিক্ষক মরহুম সামছুজ্জোহা স্যারের সুযোগ্য পুত্র। তিনি একজন অভিজ্ঞ ও যোগ্য শিক্ষক। আমরা আশাবাদী, তার নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠান নতুন উচ্চতায় পৌঁছাবে।”

অভিভাবক প্রতিনিধি মিজানুর রহমান মিজান বলেন, “সভাপতি মহোদয় একজন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক। শিক্ষাক্ষেত্রের নানা দিক সম্পর্কে তার সুস্পষ্ট ধারণা রয়েছে। তার দক্ষ পরিচালনায় প্রতিষ্ঠান আরও সমৃদ্ধ হবে বলে আমি বিশ্বাস করি এবং আমি সর্বাত্মক সহযোগিতা করবো।”

সহকারী শিক্ষক আক্তারুজ্জামান লাভলু বলেন, “বর্তমান সভাপতির নেতৃত্বে আমাদের প্রতিষ্ঠানের শিক্ষার মান, শৃঙ্খলা এবং আদর্শিক দিক আরও উন্নত হবে বলে আমরা প্রত্যাশা করি।”

নবনির্বাচিত সভাপতি হাসানুজ্জামান ডাবলু বলেন, “১৯৬৭ সালে প্রতিষ্ঠিত এই ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিটি ইট এবং বালুকণায় আমার বাবার স্মৃতি মিশে আছে। আমি শিক্ষার মানোন্নয়নসহ

প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে কাজ করতে চাই। আমাদের প্রতিষ্ঠানকে মেহেরপুর জেলার সেরা বিদ্যালয় হিসেবে গড়ে তুলতে সকলের সহযোগিতা প্রয়োজন। আমি জানি, এখানে অনেক দক্ষ ও মানসম্পন্ন শিক্ষক রয়েছেন। আমি সকলকে আহ্বান জানাই আপনারা সেরা শিক্ষক হিসেবে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করুন।”

একজন শিক্ষিত ও অভিজ্ঞ শিক্ষক হাসানুজ্জামান ডাবলু এডহক কমিটির সভাপতি মনোনীত হওয়ায় স্থানীয় এলাকাবাসী, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে আনন্দ ও উচ্ছ্বাস বিরাজ করছে।

গাংনীতে ট্রাক চাপায় বৃদ্ধের মৃত্যু

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা শেষে বাড়ি ফেরা হলো না সামসুল হক (৬৫) নামের এক বৃদ্ধের। পথেই ঘাতক ট্রাক কেড়ে নিলো তার প্রাণ।

বুধবার (৯ এপ্রিল) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া-নবীনপুর সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সামসুল হক গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের বাসিন্দা। তার ছেলে শামীম হোসেন জানান, সকাল সাড়ে ১০টার দিকে তার বাবা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে চিকিৎসা নিয়ে একটি পাখিভ্যানে করে বাড়ি ফিরছিলেন। পথে নওপাড়া বাজার পার হয়ে নবীনপুরের কাছে পৌঁছালে একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে তিনি গুরুতর আহত হন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে তার অবস্থার অবনতি ঘটে। পরে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। কিন্তু হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

এ ঘটনায় স্থানীয়রা ট্রাকটি আটক করলেও চালক পালিয়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বনি ইসরাইল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। ট্রাকটি জব্দ করে থানায় আনা হয়েছে।

ইসরাইলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ইসরাইলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুরের গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সাধারণ জনগণ।

বুধবার সকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাঁড়াডোব বাজারে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আখেরুজ্জামান। বক্তব্য রাখেন স্থানীয় রাজনীতিক আনসারুল হক, স্কুল শিক্ষক আব্দুর রকিবসহ আরও অনেকে।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নীরব। মানবাধিকার সংগঠনগুলোর এই নীরবতা প্রশ্নবিদ্ধ। তারা বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তোলার।

সমাবেশ থেকে বক্তারা ইসরাইলের সকল ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান এবং আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করেন।

গাংনীতে সাজাপ্রাপ্ত দুই আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে পৃথক মামলায় সাজাপ্রাপ্ত দুই পলাতক আসামিকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মাদক মামলায় ৪ বছরের সাজাপ্রাপ্ত মো. পল্টু হোসেন (৩৫) এবং পারিবারিক মামলায় এক মাসের সাজাপ্রাপ্ত কামরুজ্জামান শিহাব (২৮)।

পল্টু হোসেন গাংনী উপজেলার খাসমহল গ্রামের মৃত আব্দুল আজিজের ছেলে এবং শিহাব গাংনী শহরের থানাপাড়া এলাকার কালাম আলীর ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইলের নেতৃত্বে পুলিশের দুটি পৃথক দল মঙ্গলবার দিবাগত রাতের শেষভাগে তাদের নিজ নিজ বাড়িতে অভিযান চালিয়ে গ্রেফতার করে।

ওসি বানী ইসরাইল জানান, পল্টু হোসেনের বিরুদ্ধে হেরোইন উদ্ধারের ঘটনায় দায়ের করা জিআর ১৯/১৩ নম্বর মামলায় আদালত তাকে ৪ বছরের কারাদণ্ড দেন। অপরদিকে, কামরুজ্জামান শিহাব পারিবারিক বিরোধজনিত সিআর ৩১৭/২৩ নম্বর মামলায় এক মাসের সাজাপ্রাপ্ত আসামি।

বুধবার (৯ এপ্রিল) দুপুরে গ্রেফতারকৃতদের আদালতে পাঠানো হয়েছে।

গাংনীতে সাব-রেজিস্টার ও দলিল লেখকদের দ্বন্দে জমি রেজিস্ট্রি বন্ধ

মেহেরপুরের গাংনী উপজেলা সাব-রেজিস্ট্রার ও দলিল লেখকদের দ্বন্দে, বন্ধ হয়ে পড়েছে দলিল লেখার কাজ ও জমি রেজিষ্ট্রি। জমি

রেজিস্ট্রি করতে না পেরে চরম ভোগান্তিতে পড়ছেন জমির ক্রেতা- বিক্রেতারা।

চাহিদানুযায়ী জমি রেজিস্ট্রি না হওয়ায় ক্রেতা বিক্রেতাদের যেমন ভোগান্তি বেড়েছে তেমনি সরকারও হারাচ্ছে বড় পরিমাণ রাজস্ব । কবে নাগাদ এর সমাধান হবে তা নিয়ে সংশয় জনমনে। দলিল লেখকরা বলছেন, অতিরিক্ত টাকা দাবী ও নানা অজুহাতে হয়রানী করা হচ্ছে। আর সাব-রেজিস্ট্রার বলছেন, নিয়ম অনুযায়ী রেজিস্ট্রি হচ্ছে।

মেহেরপুর জেলার সবচেয়ে জনবহুল উপজেলা গাংনী। এ উপজেলায় প্রতিনিয়ত দেড় থেকে দুই শতাধিক ক্রেতা-বিক্রেতা তাদের জমি কেনা বেচা করে থাকেন। প্রতিদিন দেড় থেকে দুশো জমির দলিল জমা হলেও সাব-রেজিস্ট্রার রেজিষ্ট্রেশন করে থাকেন ৩০ থেকে ৪০ টি দলিল।

উপজেলায় অন্য সাব-রেজিস্ট্রার থাকতে আগে যেখানে প্রতিবছরে ন্যূনতম ১২ থেকে ১৩ হাজার দলিল রেজিস্ট্রি হতো, এখন সেখানে রেজিস্ট্রি হচ্ছে পাঁচ থেকে ছয় হাজার। যা প্রয়োজনের তুলনায় অনেক কম। ফলে জন-ভোগান্তি এখন চরম পর্যায়ে পৌঁছেছে। সেইসঙ্গে সরকারের এ খাত থেকে রাজস্ব কমেছে বছরে কয়েক কোটি টাকা। ভুক্তভোগীরা দুর দুরান্ত থেকে সাব-রেজিস্ট্রার অফিসে এসে জমি রেজিষ্ট্রি করতে না পেরে ঘুরে যাচ্ছেন।

এতে তারা সময় এবং অর্থনৈতিকভাবেও ক্ষতিগ্রস্থ হচ্ছেন। দলিল লেখকদের অভিযোগ সাবরেজিস্টার অনৈতিকভাবে দলিল প্রতি ৫ শ টাকা করে দাবি করছেন। এছাড়া কাগজপত্রের অজুহাত দেখিয়ে দিনের পর দিন ঘুরাচ্ছেন ক্রেতা বিক্রেতাদের। মেহেরপুরসহ সারাদেশে যেভাবে দলিল রেজিষ্ট্রেশন হয়ে থাকে সেভাবে দলিল রেজিষ্ট্রেশন করার দাবি জানান তারা।

তবে সাব-রেজিস্টার বলছেন সঠিকভাবে কাগজপত্র দেখেই জমি রেজিষ্ট্রি করা হচ্ছে। যাতে ক্রেতা বিক্রেতারা ভবিষ্যতে কোনো ধরণের দুর্ভোগে না পড়েন। তবে মঙ্গলবার সরেজমিনে দেখা গেছে, দলিল লেখকরা কর্মবিরতি করে তাদের টেবিলে হাত গুঠিয়ে বসে আছেন। আর জমি ক্রেতা বিক্রেতারা দুর-দুরান্ত থেকে এসে ঘুরে বেড়াচ্ছেন চিন্তা আর হতাশা নিয়ে। এদিকে সাব রেজিস্ট্রার তার অফিস কক্ষে বসে আছেন স্টাফদের নিয়ে। সকাল থেকে বিকাল পর্যন্ত কোন দলিল রেজিষ্ট্রি হয়নি।

ভুক্তভোগীরা জানান, জরুরী টাকার প্রয়োজনে জমি বিক্রি করছিলাম।

এখানে এসে শুনছি রেজিষ্ট্রি হচ্ছে না। ফিরে যাচ্ছি। জমি বিক্রি করতে আসা মোঃ সাইফুল ইসলাম বলেন, সকালে অনেক লোকজন সাথে নিয়ে জমি রেজিষ্ট্রি করতে এসেছিলাম। এসে দেখি দলিল লেখার কাজ বন্ধ। ফিরে যাচ্ছি। আমাদের ভোগান্তি দেখার কেউ নেই।

গাংনী দলিল লেখক সমিতির সভাপতি মোঃ ফাকের আলী জানান, সাব-রেজিস্ট্রার যোগদানের পর থেকে দলিল রেজিস্ট্রি কমিয়ে দিয়েছেন। নানা অজুহাতে হয়রানি ও দলিল প্রতি ৫ শ টাকা করে উৎকোচ দাবি করাই দলিল লেখা বন্ধ রেখেছি।
দলিল লেখক রাশেদুল ইসলাম বলেন, দলিল রেজিষ্ট্রেশন অর্ধেকে নেমে এসেছে। সরকার রাজস্ব হারাচ্ছে সাথে ক্রেতা বিক্রেতারা হয়রানি হাচ্ছে।

দলিল লেখক শওকত আলী বলেন, সাব-রেজিস্ট্রার যেসব শর্ত দিচ্ছেন সেটা তার মনগড়া নিয়ম। বাংলাদেশে কোথাও এভাবে জমি রেজিষ্ট্রি হয়না।

সাব-রেজিস্ট্রার নাইমা ইসলাম বলেন, আমি সরকারি নিয়ম অনুযায়ী দলিল রেজিষ্ট্রেশন করাই দলিল লেখকরা আমার উপর অসন্তোষ। অতিরিক্ত টাকা নেওয়া ও হয়রানির অভিযোগ মিথ্যা বলেও দাবী করেন তিনি।

গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে কমিটি গঠন

সাবেক কাউন্সিলর আসাদুজ্জামান আসাদকে সভাপতি এবং মিঠুন আহমেদকে সাধারণ সম্পাদক করে গাংনী পৌর বিএনপির ৩ নম্বর ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সিনিয়র সহ-সভাপতি মোস্তফা কামাল, সহ-সভাপতি শরিফুদ্দিন, মহিবুল ইসলাম, জাহিদুল ইসলাম (বিডিআর), যুগ্ম সাধারণ সম্পাদক মো. রতন বাদশা ও শরিফুল ইসলাম; সাংগঠনিক সম্পাদক মো. আরিফ হোসেন এবং সহ-সাংগঠনিক সম্পাদক মো. আব্দুল লতিফ।

গতকাল বিকেলে গাংনী উপজেলা বিএনপি কার্যালয়ে এ কমিটির নাম ঘোষণা করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ইনসারুল হক ইনসু, সদস্য মকবুল হোসেন মেঘলা এবং গাংনী পৌর বিএনপির পুনর্গঠন কমিটির সদস্য আখেরুজ্জামান।

অনুষ্ঠানে ফয়েজ মোহাম্মদ বলেন, “বিএনপির ভবিষ্যৎ নেতৃত্বের জন্য প্রত্যেক নেতাকর্মীকে জনগণের আস্থা অর্জন করতে হবে। সকল ভেদাভেদ ভুলে জনগণের কল্যাণে নিজেদের প্রস্তুত করতে হবে।”

গাংনীতে স্কুল ভ্যান উল্টে ১০ শিক্ষার্থী আহত

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে একটি দ্রুতগতির মোটরসাইকেলের ধাক্কায় স্কুল ভ্যান উল্টে ১০ শিক্ষার্থী আহত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০টার দিকে গাংনী-কাথুলি সড়কের ভাটপাড়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত সকলেই গাংনী সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। তারা স্কুলে যাওয়ার পথে এ দুর্ঘটনার শিকার হয়।

আহতরা হলেন, মাইলমারী গ্রামের সাইফ আলী, লাবিবা খাতুন, পরশ, রাব্বী হক, ফাহিম হোসেন, ফাইজা খাতুন, রিতু এবং ভ্যানচালক উজ্জ্বল হোসেন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ বিভিন্ন ক্লিনিকে ভর্তি করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীতে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপন উপলক্ষে গাংনীতে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (৭ এপ্রিল) বিকেলে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কার্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার সামসুল আলম সোনা, গাংনী থানার সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুল গাফফার এবং গাংনী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা ইমরান হোসেন, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআও) মুনসুর আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন, যুব উন্নয়ন কর্মকর্তা আসাদুজ্জামান, বাঁশবাড়িয়া টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলিমুজ্জামান, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি জুলফিকার আলী কানন, গাংনী পাইলট স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান বাবলু, গাংনী পৌর বিএনপির ২ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মেহেরপুর জেলা শাখার সদস্য সচিব মোজাহিদুল ইসলাম এবং গাংনী ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক আতর আলী।

এছাড়াও সভায় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান, জনপ্রতিনিধি, সাংস্কৃতিক কর্মী, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দসহ গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় গাংনীতে বাংলা নববর্ষ ১৪৩২ উদযাপনকে ঘিরে আড়ম্বরপূর্ণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়।

ইসরায়েলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে জামায়াতের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ফিলিস্তিনের গাজা উপত্যকায় ইসরায়েলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

সোমবার (৭ এপ্রিল) বাদ আছর গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ সমাবেশে নেতৃত্ব দেন জামায়াতের গাংনী উপজেলা শাখার আমীর ডা. মোহাম্মদ রবিউল ইসলাম।

এসময় আরও উপস্থিত ছিলেন জেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, জেলা সূরা ও কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল মজিদ, উপজেলা জামায়াতের সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, উপজেলা বায়তুল মাল সম্পাদক সামসুল হুদা, উপজেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মফিজুর রহমান, পৌর জামায়াতের সেক্রেটারি ওয়ায়েস কুরুনি জামিল, পৌর জামায়াতের বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি জিল্লুর রহমান এবং কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সাবেক ছাত্র নেতা মো. আলম হুসাইন।

সমাবেশে বক্তারা বলেন, গাজায় ইসরায়েলের গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নিরব। কোথায় মানবাধিকার সংস্থাগুলোর ভূমিকা? মুসলিম হিসেবে আমাদের লজ্জা লাগে যে, এই নির্যাতনের বিরুদ্ধে আমরা এখনও কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে পারিনি।

তারা আরও বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে ঐক্যবদ্ধভাবে প্রতিবাদ গড়ে তোলার। একইসাথে ইসরায়েলি পণ্য বর্জনের